রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/১৩ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং নিমবো/নিমনি/ টি প্যাকেটিং/২০১৭/৩২৩**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক “টি প্যাকেটিং” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণীর শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৭ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত “টি প্যাকেটিং” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণীর শ্রমিকদের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে উক্ত আপত্তি বা সুপারিশ লিখিতভাবে বাংলাদেশ গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ করিবেন।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ১২.০০

## "টি প্যাকেটিং" শিল্প

## খসড়া সুপারিশ-২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ কর্তৃক পত্র নং ৪০.০০.০০০০.০১৬.০৩২.০০৫.১৬-১৫৪, তারিখঃ ১৪ মার্চ ২০১৭ খ্রিঃ মূলে "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণীর শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ করিবার জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য এস. আর. ও. নং ৪০-আইন/২০১৭, তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০১৭ এবং মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৮, ২০১৭ খ্রিঃ তারিখ এর প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা "টি প্যাকেটিং" শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও উক্ত শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণীর শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে শ্রীমঙ্গাল, মৌলভীবাজার ও সিলেটে অবস্থিত ইস্পাহানি টি প্যাকেটিং শিল্প, ফিনলে টি প্যাকেটিং শিল্প, খান টি এস্টেট (ম্যাগনোলিয়া টি প্যাকেটিং শিল্প), গুপ্ত টি প্যাকেটিং শিল্প ও গ্রীণ লিফ টি প্যাকেটিং শিল্প সরেজমিনে তদন্ত করতঃ তথ্য-উপাত্ত সংগ্রহ করেন এবং একাধিক বৈঠকে মিলিত হন। অত্র বোর্ড "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণীর শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার সুপারিশের নিমিত্ত শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ পেশ করিতেছেনঃ

১। বাংলাদেশে অবস্থিত "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণীর শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে শ্রমিকদের জন্য উচ্চতর দক্ষ (গ্রেড-১), দক্ষ-১ (গ্রেড-২), দক্ষ-২ (গ্রেড-৩), আধা-দক্ষ (গ্রেড-৪) ও অদক্ষ (গ্রেড-৫) এই ০৫ (পাঁচ) শ্রেণিতে এবং কর্মচারীদের জন্য যথাক্রমে গ্রেড-১ 'এ', গ্রেড-১ 'বি', গ্রেড-১ 'সি', গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৪ ও গ্রেড-৫ এই ০৭ শ্রেণিতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণি বিভাগ করা হয় যাহা এতদ্সঙ্গে সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হইয়াছে। যদি কখনও এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হয়, তবে উহা যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী নির্ধারণ করা হয় যাহা সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হইয়াছে।

৩। "টি প্যাকেটিং" শিল্প সেক্টরের মালিকগণ যদি ফূরণভিত্তিক (Piece Rate) মজুরী দিয়া থাকেন, তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার প্রচলিত শ্রম আইন অনুযায়ী এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৪। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "টি প্যাকেটিং" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৫। এই সুপারিশ ঘোষণার পর হইতে "টি প্যাকেটিং" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" এ বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী ঘোষিত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক কন্ট্রাক্টর/ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর/ ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের কন্ট্রাক্টর/ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। কন্ট্রাক্টর/ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। "টি প্যাকেটিং" শিল্প সেক্টরের তফসিল ''ক'' ও ''খ'' এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যেই গ্রেডে আছেন সেই গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তফসিলে উল্লিখিত মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের স্ব স্ব মজুরী নির্ধারিত হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৯। "টি প্যাকেটিং" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ গেজেট প্রকাশের তারিখ হইতে ০১ (এক) বছর পর মূল মজুরীর ৫% বৃদ্ধির সুবিধা পাইবেন।

১০। তফসিল ''ক'' ও ''খ'' এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

১১। টি প্যাকেটিং শিল্পে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১২। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন
নিরপেক্ষ সদস্য

কাজী সাইফুদ্দীন আহমদ
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

ফজলুল হক মন্টু
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

ডক্টর ইঞ্জিনিয়ার গোলাম মোস্তফা
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের
প্রতিনিধিত্বকারী সদস্য

আলহাজ্ব মোঃ জাকারিয়া আহমদ
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের
প্রতিনিধিত্বকারী সদস্য

**তফসিল "ক"**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষ (গ্রেড-১) | ৯০০০/- | ৩৬০০/- | ৭০০/- | ৫০০/- | ১৩,৮০০/- |

১। মেন্টেন্যান্স ইন-চার্জ

২। সিনিয়র মেকানিক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| দক্ষ-১ (গ্রেড-২): | ৭২০০/- | ২৮৮০/- | ৭০০/- | ৫০০/- | ১১,২৮০/- |

১। ডেপুটি মেন্টেন্যান্স ইন-চার্জ

২। মেকানিক

৩। সিনিয়র মেশিন অপারেটর

৪। সিনিয়র জেনারেটর অপারেটর

৫। সিনিয়র ইলেকট্রিশিয়ান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| দক্ষ-২ (গ্রেড-৩): | ৬২৬৫/- | ২৫০৬/- | ৭০০/- | ৫০০/- | ৯,৯৭১/- |

১। জুনিয়র ইলেকট্রিশিয়ান

২। চেকার

৩। জুনিয়র মেকানিক

৪। প্যাকার লিডার

৫। প্লাম্বার

৬। মেকানিক্যাল টেকনিশিয়ান

৭। জেনারেটর অপারেটর

৮। কার্পেন্টার

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আধা-দক্ষ-২ (গ্রেড-৪): | ৫৪৪৫/- | ২১৭৮/- | ৭০০/- | ৫০০/- | ৮,৮২৩/- |

১। জুনিয়র জেনারেটর অপারেটর

২। জুনিয়র  ইলেকট্রিশিয়ান

৩। প্যাকার

৪। ওয়েম্যান (ওজনদার)

৫। সিলিং ম্যান

৬। অপারেটর হেলপার

৭। বেল্ডিং ম্যান

৮। অয়েলম্যান

৯। ইলেকট্রিক হেলপার

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অদক্ষ (গ্রেড-৫): | ৪২০০/- | ১৬৮০/- | ৭০০/- | ৫০০/- | ৭,০৮০/- |

১। জুনিয়র প্যাকার

২। সাধারণ শ্রমিক

৩। ঝাড়ুদার

● শিক্ষানবিশ :

শিক্ষানবিশীকাল একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =৫০০০ /- (পাঁচ হাজার) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিশীকাল হইবে ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল "খ"

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|
| গ্রেড-১ 'এ' : | ১২,০০০/- | ৪৮০০/- | ৭০০/- | ৫০০/- | ১৮,০০০/- |

১। ভ্যাট ইনচার্জ
২। স্টোর ইনচার্জ
৩। ডেসপাস ইনচার্জ
৪। গোডাউন ইনচার্জ
৫। প্রোডাকশন ইনচার্জ
৬। ব্লেডিং ইনচার্জ
৭। ওয়েজেস ইনচার্জ
৮। ক্যাশ ইনচার্জ
৯। সিনিয়র সুপারভাইজার
১০। সিনিয়র একাউন্টস ক্লার্ক

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-১ 'বি' : | ১০,৫০০/- | ৪২০০/- | ৭০০/- | ৫০০/- | ১৫,৯০০/- |

১। ডেপুটি ভ্যাট ইনচার্জ
২। ডেপুটি স্টোর ইনচার্জ
৩। ডেপুটি ডেসপাস ইনচার্জ
৪। ডেপুটি গোডাউন ইনচার্জ
৫। ডেপুটি প্রোডাকশন ইনচার্জ
৬। ডেপুটি ব্লেডিং ইনচার্জ
৭। ডেপুটি ক্যাশ ইনচার্জ
৮। ডেপুটি ওয়েজেস ইনচার্জ
৯। গোডাউন সুপারভাইজার
১০। প্রোডাকশন সুপারভাইজার

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-১ 'সি' : | ৯,০০০/- | ৩৬০০/- | ৭০০/- | ৫০০/- | ১৩,৮০০/- |

১। সহকারী ভ্যাট ইনচার্জ
২। সহকারী স্টোর ইনচার্জ
৩। সহকারী ডেসপাস ইনচার্জ
৪। সহকারী গোডাউন ইনচার্জ
৫। সহকারী প্রোডাকশন ইনচার্জ
৬। সহকারী ক্যাশ ইনচার্জ
৭। সহকারী ওয়েজেস ইনচার্জ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড-২ : | ৭২০০/- | ২,৮৮০/- | ৭০০/- | ৫০০/- | ১১,২৮০/- |

১। একাউন্টস ক্লার্ক
২। স্টোর কীপার
৩। সুপারভাইজার
৪। ক্যাশিয়ার
৫। বিল ক্লার্ক

| গ্রেড-৩ : | ৬,২৬৫/- | ২,৫০৬/- | ৭০০/- | ৫০০/- | ৯,৯৭১/- |
|---|---|---|---|---|---|

১। ব্লেডিং সুপারভাইজার
২। কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজার
৩। ড্রাইভার
৪। এটেনডেন্স ক্লার্ক
৫। গোডাউন ক্লার্ক
৬। সহকারী স্টোর কীপার
৭। কম্পিউটার অপারেটর
৮। গোডাউন এসিসট্যান্ট
৯। জুনিয়র ক্লার্ক
১০। ডেসপাস ক্লার্ক

| গ্রেড-৪ : | ৫,৪৪৫/- | ২,১৭৮/- | ৭০০/- | ৫০০/- | ৮,৮২৩/- |
|---|---|---|---|---|---|

১। ডেসপাস সহকারী
২। ডেসপাস ম্যান
৩। সিনিয়র সার্ভিস এসিস্ট্যান্ট
৪। বাবুর্চি
৫। জুনিয়র সুপারভাইজার
৬। জমাদার
৭। টাইম কিপার

| গ্রেড-৫ : | ৪,৯৫০/- | ১,৯৮০/- | ৭০০/- | ৫০০/- | ৮,১৩০/- |
|---|---|---|---|---|---|

১। টি বয়
২। পিয়ন
৩। নাইট গার্ড
৪। দারোয়ান
৫। ডেলিভারি ম্যান
৬। ভ্যানম্যান
৭। ট্রাক সহকারী
৮। জুনিয়র সার্ভিস এসিস্ট্যান্ট
৯। ক্লিনার
১০। মালি
১১। সুইপার
১২। হেলপার
১৩। সহকারী বাবুর্চি
১৪। ড্রাইভার এসিসট্যান্ট

● **শিক্ষানবিশ :**

শিক্ষানবিশীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =৫,৯০০/- (পাঁচ হাজার নয়শত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিশীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd